

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ২৯, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌপরিবহন মন্ত্রণালয়

টিএ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ১৫ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ/২৮ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ১০৩-আইন/২০২৪ —Ports Act, 1908 (Act No. XV of 1908), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 4 এর sub-section (1) এর clause (a), sub-section (2) এর সহিত পঠিতব্য, তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে “মংলা ঘষিয়াখালী নদী বন্দর, বাগেরহাট” এর সীমানা নির্ধারণপূর্বক উহাতে উক্ত Act এর প্রয়োগ কার্যকর করিল, যথা:—

তফসিল

“মংলা-ঘষিয়াখালী নদী বন্দর, বাগেরহাট” নদী বন্দর এর—

- (ক) পশ্চিম সীমানা : বাগেরহাট জেলার মংলা উপজেলার মংলা নদীর মংলা-ঘষিয়াখালী চ্যানেলের উভয় তীরে আড়াআড়িভাবে $৮৯^{\circ} ৩৫' ৪৯.০৬''$ পূর্ব দ্রাঘিমাংশ পর্যন্ত বিস্তৃত;
- (খ) পূর্ব সীমানা : বাগেরহাট জেলার মোড়লগঞ্জ উপজেলায় পানগুছী নদীর তীরে মোড়লগঞ্জ লক্ষণঘাট বরাবর নদীর উভয় তীর বরাবর আড়াআড়িভাবে $৮৯^{\circ} ৫১' ৩০.৯৬''$ পূর্ব দ্রাঘিমাংশ পর্যন্ত বিস্তৃত;
- (গ) উত্তর সীমানা : বাগেরহাট জেলার মংলা ও বাগেরহাট সদর উপজেলার সীমান্তবর্তী দড়াটানা নদীর উভয় তীরে আড়াআড়িভাবে $২২^{\circ} ৩৫' ৩৩.৮৯''$ উত্তর অক্ষাংশ পর্যন্ত বিস্তৃত;

(১২৪০৭)

মূল্য : টাকা ৪.০০

- (ঘ) ভূ-ভাগের সীমানা : উপরিউক্ত নদী বন্দর সীমানার আওতায় মংলা-ঘষিয়াখালী চ্যানেলের উত্তর-দক্ষিণ এবং দড়াটানা নদীর পশ্চিম-পূর্ব তীর বরাবর ভরা কটাল (Spring Tide) এর সময় সর্বোচ্চ পানি সমতল (Highest Water Level) এ তটরেখা হইতে নদীর স্থলভাগের দিকে ৫০ (পঞ্চাশ) মিটার পর্যন্ত বিস্তৃত।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ রফিকুল ইসলাম

সহকারী সচিব।

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ৩০, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌপরিবহন মন্ত্রণালয়

ডিএ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১৫ বৈশাখ, ১৪৩১ বঙ্গাব্দ/২৮ এপ্রিল, ২০২৪ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নম্বর ১০৪-আইন/২০২৪।—Ports Act, 1908 (Act No. XV of 1908) এর section 7 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, Bangladesh Inland Water Transport Authority (BIWTA)-কে সরকার কর্তৃক ঘোষিত “মংলা ঘষিয়াখালী নদী বন্দর, বাগেরহাট” নদী বন্দর এর সংরক্ষক (Conservator) নিযুক্ত করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ রফিকুল ইসলাম

সহকারী সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৪৬৭৫)

মূল্য : টাকা ৪.০০